# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০২০(২য় খন্ড)/৭৭ তারিখঃ ১৬-০৯-২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

"শিমুলিয়া ফেরি ঘাটের স্পীড বোট ঘাট হতে পদ্মা সেতুর স্টক ইয়ার্ড পর্যন্ত স্থায়ী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রস্তাবিত প্রকল্প গ্রহণের লক্ষ্যে মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | ড. মোহা. সরফরাজ বান্দা, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো,ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত এলাকায় বিদ্যমান সমস্যাদি চিহ্নিত করে নদী/খালসমূহের প্রবাহ এবং গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় করনীয় নির্ণয়/যাচাই করবেন;

গ) প্রস্তাবিত এলাকাসমূহের পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে স্থায়ী নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন এবং নদীর নাব্যতা/প্রবাহ বৃদ্ধিকল্পে চর অপসারণ/উন্নয়নসহ খনন/পুনঃখনন কাজের সংস্থানসহ বিদ্যমান প্রতিরক্ষামূলক কাজের পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/পুনর্বাসন/পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন;

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য প্রকল্প ব্যয় ও কি পরিমান সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা নিরূপণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৬/০৯/২০

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। ড. মোহা. সরফরাজ বান্দা, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, গবেষণা কর্মকর্তা(অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো,ঢাকা।
৪। জনাব মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান(পরিবেশ ও বন), প্রধান পরিকল্পনা'র দপ্তর,বাপাউবো, ঢাকা।
৫। সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।
৬। আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ নকশা, বাপাউবো, ঢাকা।
৪-৫। প্রকল্প পরিচালক/যুগ্ম-প্রধান, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট/ যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৯-১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ ইস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১১-১২। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম/ সিইজিআইএস, ঢাকা।

ডায়েরী নং ৭৪১ তারিখঃ ২০/০৯/২০
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
জবাব পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় কার্যালয় পরিদপ্তর, বাপাউবো, ঢাকা